সংবাদ

তারিখ 27 APR 2009
পৃষ্ঠা ১৪ কলাম ৫

# ভার্সিটিতে ভর্তির ক্ষেত্রে আদিবাসী কোটা পদ্ধতি মেনে চলুন

—শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আদিবাসীদের বিষয়ে আমাদের সচেতন ও উদার দৃষ্টিভঙ্গি দরকার। রাঙ্গামাটিতে শান্তি নিকেতনের মডেলে সম্পূর্ণ প্রাকৃতিক পরিবেশে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করবে সরকার। তবে কবে নাগাদ এর কাজ শুরু হবে তা বলেননি তিনি। এ বছর পাঠ্যপুস্তকে খুব একটা বেশি পরিবর্তন করা না হলেও পরবর্তী বছরগুলোতে সামগ্রিক পরিবর্তন করে তাতে অনেক কিছু অন্তর্ভুক্ত করা হবে বলে জানান তিনি। এছাড়া বিশ্ববিদ্যালয়গুলোতে আদিবাসী ছাত্রছাত্রীদের ভর্তির ক্ষেত্রে কোটা পদ্ধতি মেনে চলা দরকার বলে জানান তিনি।

গতকাল বিকেলে প্রেসক্লাবে রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট কালেকটিভ (আরডিসি) আয়োজিত অক্সফাম জিবি বাংলাদেশের সহযোগিতায় 'উচ্চশিক্ষায় আদিবাসীদের প্রবেশাধিকার বৃদ্ধিতে শিক্ষা কোটা ব্যবস্থার ভূমিকা : বিদ্যমান সমস্যা ও সুপারিশ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।